বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৩১২

তারিখ : ১২/০৮/২০২৪

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত জরুরি নির্দেশনা।

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত জরুরি নির্দেশনা।

শিক্ষার্থীদের জন্য নির্দেশনা ঃ

১। যে সকল শিক্ষার্থী ৩য় পর্যায়ে নিশ্চায়ন করেছিল কিন্তু কোন কারণে কলেজে ভর্তি সম্পন্ন করতে পারেনি এবং সংশ্লিষ্ট কলেজ তাদের ভর্তি বাতিল করেনি, তারা যদি নির্বাচিত কলেজে ভর্তি হতে ইচ্ছুক থাকে তাহলে ৪র্থ পর্যায়ে কলেজে ভর্তির নির্ধারিত তারিখে কলেজে গিয়ে ভর্তি হতে পারবে।

২। ৩য় পর্যায়ে নিশ্চায়নকৃত শিক্ষার্থী ভর্তির জন্য কলেজের সাথে যোগাযোগ না করায় প্রতিষ্ঠান যদি তাদের ভর্তি বাতিল করে থাকে তাহলে সে সকল শিক্ষার্থী ৪র্থ পর্যায়ে সরাসরি আবেদন করতে পারবে।

৩। অন্যদিকে যে সকল শিক্ষার্থী তৃতীয় পর্যায় পর্যন্ত নিশ্চায়ন থাকা সত্ত্বেও ইচ্ছাকৃতভাবে ভর্তি হননি অথবা ভর্তি সম্পন্ন করেও চতুর্থ পর্যায়ে আবেদন করতে ইচ্ছুক সে সকল শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বোর্ডে যোগাযোগ করে তাদের নিশ্চায়ন/আবেদন/ভর্তি বাতিল করতে হবে। অতঃপর তারা ৪র্থ পর্যায়ে আবেদন করতে পারবে।

১২/০৮/২০২৪

প্রফেসর তপন কুমার সরকার
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

(মো. এম. ইকবাল হোসেন)
অধ্যক্ষ
জন আব্দুর রাজ্জাক বিশ্ববিদ্যালয়
কলেজ, যশোর।
মোবাঃ ০১৯১১-৭৬২৮১৭

CamScanner